গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষিসম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা
www.daedhakadiv.gov.bd

# "মাসিক বিভাগীয় সভার কার্যবিবরণী"

সভাপতিঃ এস. এম. সোহরাব উদ্দিন
অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
তারিখঃ ২৬/০৭/২০২৩ খ্রি:।
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থানঃ উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, নরসিংদী।
উপস্থিত সদস্যঃ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সকলের সাথে কুশল বিনিময় শেষে সভা পরিচালনার জন্য জনাব গোলাম মোস্তফা খান, উপপরিচালক (সংস্থাপন ও উন্নয়ন), অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা'কে অনুরোধ জানানো হয়। উপপরিচালক (সংস্থাপন ও উন্নয়ন), শুরুতেই জুন/২০২৩খ্রি: মাসে অনুষ্ঠিত বিভাগীয় মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উপস্থিত সদস্যদের পক্ষ থেকে কার্যবিবরণীতে কোনরুপে সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪/ খরিপ-১ মৌসুমের বিভিন্ন ফসল কর্তন অগ্রগতি প্রতিবেদন | ঢাকা অঞ্চলের ২০২৩-২৪/খরিপ-১ মৌসুমের বিভিন্ন মাঠ ফসল কর্তনের অগ্রগতির আলোচনা হয়। এপর্যন্ত আউশ ধান কর্তন: উফশী- ১০৮৪ হে: ও স্থানীয়- ২২৫ হে: মোট কর্তন: ১৩০৯ হে:। সবজি-৪২৮৬৭ হে:, তিল- ৯৩৬৬ হে:, চিনাবাদাম- ১৭১ হে:, মুগ-৮৪ হে:, মরিচ- ২৩৪৩ হে:, পেয়াজ- ৩ হে:, ভুট্টা- ৬৬৯৪ হে:, পাট দেশী- ৪৬২১ হে:, তোষা- ৮৩৪৭ হে:, কেনাফ-. ৭০১৫ হে:, মেস্তা- ৩৬৬ হে: মোট কর্তনঃ ২০৩৪৯ হে:, কর্তন চলমান। | ফসলের কাঙ্খিত ফিজিওলোজিকাল পরিপক্কতায় যেন ফসল কর্তন করা হয় এবং বীজ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান নিশ্চিত করতে মাঠ নিবিড়ভাবে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ০২ | ২০২৩-২৪/ খরিপ-২ মৌসুমের রোপাআমন ধানের বীজতলা ও আবাদ অগ্রগতির প্রতিবেদন | ঢাকা অঞ্চলের ২০২৩-২৪ খরিপ-২ মৌসুমের রোপাআমন বীজতলা ও আবাদ অগ্রগতি।<br>রোপাআমন বীজতলা: হাইব্রীড- ১০১২ হে:, উফশী- ১২৬৬০ হে: ও স্থানীয়- ১১৪৩ হে: মোট বীজতলা: ১৪৮১৫ হে:। রোপাআমন আবাদ: হাইব্রীড- ৩২৬ হে:, উফশী- ৬৬৯৫ হে: ও স্থানীয়- ৪৬০ হে: মোট আবাদ- ৭৪৮১ হে:। অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা উপপরিচালকদের নির্দেশনা প্রদান করে বলেন লক্ষ্যমাত্রা অনুযায়ী আবাদ চুড়ান্ত করতে হবে। কোন ভাবেই যেন আবাদ লক্ষ্যমাত্রার চেয়ে কম না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য সবাইকে নির্দেশনা প্রদান করেন। | * অর্জিত ফসলের মাঠ নিয়মিতভাবে পরিদর্শন করা ও কৃষকদের যথাযথ পরামর্শ প্রদান করা।<br>* যথা সময়ের মধ্যে রোপাআমন আবাদ লক্ষ্যমাত্রা অনুযায়ী (প্রয়োজনে সেচযন্ত্র চালু করে হলেও আবাদ) চুড়ান্ত করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হয়।<br>* রোপাআমনে সঠিক বয়সের চারা রোপন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩ | মাঠ ফসলের রোগবালাই ও পোকা-মাকড় এর আক্রমন এবং দমন পরিস্থিতি | আউশ ধান এর মাজরা পোকা-৪৩৭.৭৬ হেঃ, দমন-৪১৪.৮২ হেঃ, সবুজ পাতা ফড়িং-১৩.৮০ হেঃ, দমন-১৩.৮০ হেঃ, পাতামোড়ানো পোকা-৭.৬৫ হে:, দমন-৭.৪৭ হে:, বেগুন এর ডগা ও ফলছিদ্রকারী-৯৩.৯০ হে:, দমন-৯০.৭৭ হে:, কুমড়া জাতীয় মাছিপোকা-১২২.৯৫ হে:, দমন-১২০.২৯ হে:, ভুট্টার ফল আর্মি ওয়াম-১.২৮ হে:,দমন-১.২৮ হে:, মরিচ মাকড়-২৫.২৫ হে:, দমন-২৩.৯৯ হে:, কলার বিটল পোকা-২৮.৯৫ হেঃ, দমন-২৭.৭৬ হেঃ,। এছাড়াও শাকসবজির সাদামাছি, কাটুইপোকা, পেয়ারার সাদামাছি ও আখ এর মাজরা পোকার মৃদু আক্রমন লক্ষ করা যায়। এবিষয়ে উপপরিচালকগণ সভাকে অবগত করেন এখন পর্যন্ত ফসলে পোকার আক্রমণ কম আছে। | মাঠ ফসলের অবস্থা, রোগবালাই ও পোকা-মাকড়ের আক্রমণ সার্বক্ষনিক মনিটরিং করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ০৪ | ইউরিয়া ও নন ইউরিয়া সারের বরাদ্দ, উত্তোলন ও মজুদ পরিস্থিতি | সারের মজুদ সম্পের্কে জানতে চাওয়া হলে উপপরিচালকগণ জানান যে, এ মুহর্তে সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। এখন পর্যন্ত সারের কোন সংকট নেই বলে জানান। অদ্য পর্যন্ত ঢাকা অঞ্চলে সারের মজুদ ইউরিয়া-৭৩৩৮ মে:টন, টিএসপি-১১৫৭ মে: টন, ডিএপি-৩৫৭০ মে: টন ও এমওপি-২২৩৬ মে: টন।<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) ডিএই, খামারবাড়ি, ঢাকা, জানান যে রোপাআমন মৌসুমে গতবছর সারের সংকট দেখা দিয়েছিল এবছর যাতে এরকম পরিস্থিতি না হয় এ বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে এবং বরাদ্দকৃত সকল সারের উত্তোলন নিশ্চিত করতে হবে। | * সারের সরবরাহ স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ কৃষক যেন ন্যায্য মূল্যে সার ক্রয় করতে পারে এ বিষয়ে নিয়মিত সারের দোকান মনিটরিং করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* বরাদ্দকৃত সকল সারের উত্তোলন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* আগমনিবার্তা পাওয়ার পর সারের গুদাম পরিদর্শন করে রেজিষ্টারে স্বাক্ষর করে সার বিতরণ কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ০৫ | হর্টিকালচার সেন্টারে চারা, কলম উৎপাদন সংক্রান্ত | পরিচালক (প্রশাসন ও অর্থ) ডিএই, খামারবাড়ি, ঢাকা, জানান যে প্রনোদনা সহ বিভিন্ন প্রর্দশনীতে চারা বিতরণ করার জন্য হর্টিকালচার সেন্টার লক্ষ্যমাত্রা অনুযায়ী চারা, কলম উৎপাদন করা এবং চারা বিক্রয় ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। , উপপরিচালকগণ জানান তাদের সেন্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী চারা, কলম উৎপাদন করা হচ্ছে এবং চারা বিক্রয় ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | চাহিদা অনুযায়ী চারা তৈরী করা ও বিক্রয় এবং জেলা ও উপজেলা পর্যায়ের বিতরনকৃত চারা হর্টিকালচার থেকে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয় । | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ০৬ | ডি-নথি ও ওয়েব সাইট আপডেট | সভাপতি উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে বলেন, অঞ্চলাধীন জেলা ও অন্যান্য অফিস/প্রতিষ্ঠান হতে ডি-নথি লক্ষ্যনীয় কোন কার্যক্রম করা হচ্ছে না। তবে, বর্তমানে ই-নথির পরিবর্তে ডি-নথিতে কার্যক্রম পরিচালনা করার জন্য জেলার উপপরিচালকদের সরকারী নির্দেশনা অবহিত করেন। এছাড়া তিনি আরোও বলেন, অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ে সকল অফিসে ওয়েব সাইট নিয়মিত আপডেট/হালনাগাদ করা হয় না। উপপরিচালকগণকে ডি-নথিতে কার্যক্রম চালু করাসহ ওয়েব সাইট আপডেট করার নির্দেশনা প্রদান করা হয়। | ডি-নথিতে কার্যক্রম চালু করাসহ ওয়েব সাইট পরবর্তী মাসিক সভার পূর্বেই আপডেট করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ০৭ | কর্মকর্তা/ কর্মচারীদের মাসিক শূন্য পদ ও জনবলের সংক্রান্ত | মাসিক শূন্য পদের প্রতিবেদন প্রতিমাসে যথাসময়ে পাওয়া যাচ্ছেনা । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে অনুরোধ করা হয়। উপপরিচালক ডিএই, মানিকগঞ্জ ও নরসিংদী জানান হরিরামপুর, মানিকগঞ্জ, নরসিংদী সদর নরসিংদী উপজেলা কৃষি অফিসার পদায়ন করার জন্য সভায় উপস্থাপন করেন। | * প্রতিমাসের ৩০ তারিখের মধ্যে শূন্যপদ এর প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* কৃষি অফিসার পদায়নের জন্য উপপরিচালক প্রশাসন ও অর্থ বরাবর প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৮ | জমি-জমা সংক্রান্ত মামলার মাসিক প্রতিবেদন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জমি-জমা সংক্রান্ত মামলার বিষয়ে উপপরিচালকগণ জানান, বাউন্ডারী ওয়াল/সীমান প্রাচীর না থাকায় বিভাগীয় জমি দখলে রাখা সমস্যা হচ্ছে। এ ধরনের অসুবিধা দুরীকরণের জন্য বাউন্ডারী ওয়াল/সীমান প্রাচীর নির্মাণ করার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব বিবেচনায় উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে অনুরোধ করেন। সভাপতি বলেন বাউন্ডারী ওয়াল/সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে সুনির্দিষ্ট যৌক্তিকতা উল্লেখপূর্বক স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রাক্কলনসহ বরাদ্দ প্রদানের প্রস্তাব প্রেরণ করতে হবে। জমি-জমা সংক্রান্ত মাসিক প্রতিবেদন যথা সময়ে প্রেরণ করতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, সরকারী সম্পত্তি কোনক্রমেই যাতে বেদখল না হয় সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | * অফিস কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে সরকারী স্বার্থ সংরক্ষণে মামলার বিষয়ে সার্বক্ষনিক খোঁজ খবর রাখতে হবে।<br>* বাউন্ডারী ওয়াল/সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রাক্কলনসহ বরাদ্দ প্রদানের প্রস্তাব প্রেরণ এর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৩০ তারিখের পূর্বে প্রেরণ করতে হবে। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ০৯ | বিবিধ | অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা। জানান, স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নের জন্য ডিএই এর আওতাধীন অঞ্চলের জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি "স্মার্ট কৃষি বাস্তবায়ন সেল" গঠন করার প্রস্তাব করেন। সর্বসম্মতিক্রমে অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল ঢাকা, আহবায়ক, এটিআই, ঢাকা এর নির্বাচিত প্রতিনিধি ০১ (এক) জন, সদস্য, উপপরিচালক, গাইটাল, কিশোরগঞ্জ, সদস্য, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র হযরত শাহজালাল বিমান বন্দর এর নির্বাচিত প্রতিনিধি ০১ (এক) জন সদস্য ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকাকে সদস্য-সচিব করে ০৫ (পাঁচ) সদস্য সেল গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।। | * সর্বসম্মতিক্রমে অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল ঢাকা, আহবায়ক, এটিআই, ঢাকা এর নির্বাচিত প্রতিনিধি ০১ (এক) জন, সদস্য, উপপরিচালক, গাইটাল, কিশোরগঞ্জ, সদস্য, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র হযরত শাহজালাল বিমান বন্দর এর নির্বাচিত প্রতিনিধি ০১ (এক) জন সদস্য ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকাকে সদস্য-সচিব করে ০৫ (পাঁচ) সদস্য সেল গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| | | উপপরিচালক, ডিএই, ঢাকা, জনান, ঢাকা জেলায় শূন্যপদের বিপরিতে কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা বেশি। সংযুক্তি আদেশের মাধ্যমে গুরুত্বপূর্ন উপজেলা/জেলা থেকে পদায়ন করার ফলে জেলা পর্যায়ে কাজ করার সমস্যা সৃষ্টি হচ্ছে। তার জন্য সংযুক্তি আদেশ বাতিল করা অথবা গুরুত্বপূর্ন উপজেলা/জেলা থেকে সংযুক্তি আদেশ না করে কম গুরুত্বপূর্ন উপজেলা/জেলা থেকে করার প্রস্তাব করেন। এ ব্যাপারে সকল উপপরিচালক একমত পোষণ করেন। | * সংযুক্তি আদেশ প্রত্যাহার করে নতুন পদ সৃষ্টি করার প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* সংযুক্তি আদেশ গুরুত্বপূর্ন উপজেলা/ জেলা থেকে না করে কম গুরুত্বপূর্ন উপজেলা/ জেলা থেকে করার সিদ্ধান্ত গৃহীত হয় | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| | | অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা জানান, নিয়মিত মাঠ পরিদর্শন করে সঠিক প্রতিবেদন প্রেরণ এর কথা থাকলেও যথা সময়ে তা পাওয়া যায় না। এব্যাপারে আরও তৎপর হওয়ার জন্য সকলকে অনুরোধ করা হয়। তিনি আরো বলেন যে, পোকামাকড়ের প্রতিবেদন এডিডি(পিপি), ফসল সংক্রান্ত সকল প্রতিবেদন এডিডি(শস্য) ও অন্যান্য অফিসারগণ তাদের স্বস্ব প্রতিবেদন যাচাইবাছাই করে প্রেরণ করবেন। | মাঠ পরিদর্শন করে সঠিক প্রতিবেদন প্রেরণ করা ও প্রতিবেদন যদি সঠিক না হয় তার জন্য সংশ্লিষ্ট অফিসার কে দায় নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯ | বিবিধ | পরিচালক (প্রশাসন ও অর্থ) ডিএই, খামারবাড়ি, ঢাকা, জানান যে তেল ফসলের আবাদ বৃদ্ধি পরিকল্পনা, ব্লক পরিকল্পনা তৈরি করা ও অনাবাদি পতিত জমিতে সবজি চাষ, প্রনোদনা/সমালয়/বীজ সহায়তা প্রদানকারী কৃষকদের তালিকা তৈরি করা ও মোবাইল মনিটরিং করার জন্য সবাই অনুরোধ করেন। | *তেল ফসলের আবাদ বৃদ্ধি পরিকল্পনা, ব্লক পরিকল্পনা তৈরি করা প্রনোদনা/সমালয়/বীজ সহায়তা প্রদানকারী কৃষকদের তালিকা তৈরি করা ও মোবাইল মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| | | অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা জানান রবি/২০২৩-২৪ মৌসুমের এর DATEC সভা ১৫ আগষ্ট ২০২৩ ইং তারিখের মধ্যে করার সবাই অনুরোধ করেন। | * জেলা DATEC সভা আগামী ১৫ আগষ্ট ২০২৩ ইং তারিখের মধ্যে সম্পন্ন করে এবং কার্যবিবরণী এডিএই, ঢাকা অঞ্চল, ঢাকা বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অঞ্চলাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ। |
| ১০ | পরবর্তি সভার তারিখ ও স্থান নির্বাচন | আগামী সভার তারিখ ও স্থান নির্বাচন নিয়ে সভায় আলোচনান্তে ৩০/০৮/২০২৩ খিস্টাব্দ তারিখে আগষ্ট/২৩ এবং ২৭/০৯/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে সেপ্টেম্বর/২৩ এর সভা অনুষ্ঠানের আলোচনা করা হয়। | ৩০/০৮/২০২৩ খিস্টাব্দ তারিখে আগষ্ট/২০২৩খ্রি: এর সভা উপপরিচালকের কার্যালয়, ডিএই, মানিকগঞ্জ ও ২৭/০৯/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে সেপ্টেম্বর/২৩ খ্রি: এর সভা উপপরিচালকের কার্যালয়, ডিএই, নারায়ণগঞ্জ-এ অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্তি পরিচালক, ডিএই, ঢাকা অঞ্চল, ঢাকা, উপপরিচালক, ডিএই, ঢাকা অঞ্চলের সকল জেলা ও উপপরিচালক, হর্টিঃ সেন্টার, সোবহানবাগ, সাভার, ঢাকা/মৌচাক, গাজীপুর/ গাইটাল, কিশোরগঞ্জ। |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস. এম. সোহরাব উদ্দিন)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারকনং- ১২.১৬.০০০০.০৪১.০৬.০০৫.২৩- ২৫২০ (১৪)

তারিখঃ ২৬/০৭/২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা/ নারায়ণগঞ্জ/গাজীপুর/নরসিংদী/মুন্সীগঞ্জ/মানিকগঞ্জ/টাংগাইল ও কিশোরগঞ্জ জেলা।
০৩। উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, সোবহানবাগ, সভার, ঢাকা/মৌচাক, গাজীপুর/গাইটাল, কিশোরগঞ্জ।
০৪। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, জেলা বীজ প্রত্যয়ন এজেন্সী, নরসিংদী।
০৫। অফিস কপি।

(গোলাম মোস্তফা খান)
উপপরিচালক (সংস্থাপন ও উন্নয়ন)
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা

সভার উপস্থিতির তালিকা (পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবি | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব আবু মোঃ এনায়েত উল্লাহ | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, মানিকগঞ্জ | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ আবু আদনান | উপপরিচালক | হর্টিকালচার সেন্টার, কিশোরগঞ্জ | " |
| ০৩ | জনাব মোঃ সাইফুল ইসলাম | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, গাজীপুর | " |
| ০৪ | ড. মোঃ হযরত আলী | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, ঢাকা | " |
| ০৫ | জনাব মোঃআবদুস সাত্তার | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, কিশোরগঞ্জ | " |
| ০৬ | জনাব মোঃ আহসানুল বাসার | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, টাংগাইল | " |
| ০৭ | জনাব মোঃ আজিজুর রহমান | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, নরসিংদী | " |
| ০৮ | জনাব মুহাম্মদ শাহ আলম | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, নারায়ণগঞ্জ | " |
| ০৯ | এম এম এ সালাম | উপপরিচালক | হর্টিকালচার সেন্টার, সোবহানবাগ, সাভার | " |
| ১০ | ড. মোঃ আব্দুল আজিজ | উপপরিচালক | উপপরিচালকের কার্যালয়, ডিএই, মুন্সীগঞ্জ | " |
| ১১ | গোলাম মোস্তফা খান | উপপরিচালক (সংস্থাপন ও উন্নয়ন) | অতিরিক্ত পরিচালকের কার্যালয় ডিএই, ঢাকা অঞ্চল, ঢাকা | |